

কত কথা তারে ছিল বলিতে ।  
চোখে চোখে দেখা হল পথ চলিতে ॥  
বসে বসে দিবারাতি বিজনে সে কথা গাঁথি  
কত যে পুরবীরাগে কত ললিতে ॥  
সে কথা ফুটিয়া উঠে কুসুমবনে,  
সে কথা ব্যাপিয়া যায় নীল গগনে ।  
সে কথা লইয়া খেলি হৃদয়ে বাহিরে মেলি,  
মনে মনে গাহি কার মন ছলিতে ॥

---

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Mishra Kalingara  
Visit [www.geetabitan.com](http://www.geetabitan.com) for notation and other detail